

ভর্তি

## ডেন্টাল ভর্তি পরীক্ষার ফল পুনর্নিরীক্ষার আবেদন যেভাবে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজের (বিডিএস) ২০২২-২৩ সেশনের প্রথমবর্ষ ভর্তি পরীক্ষার ফল সম্প্রতি প্রকাশিত হয়েছে। এই ফলাফলে পুনর্নিরীক্ষণের আবেদন করতে পারবেন শিক্ষার্থীরা। পুনর্নিরীক্ষণের আবেদন করা যাবে ১৫ মে পর্যন্ত।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ফল পুনর্নিরীক্ষণের জন্য ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা ৯ থেকে ১৫ মের মধ্যে টেলিটক নম্বর থেকে এসএমএসের মাধ্যমে অফেরতযোগ্য এক হাজার টাকা জমা দিয়ে পরীক্ষার ফল

পুনর্নিরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। পুনর্নিরীক্ষার ফলাফল আবেদনকারীকে যথাসময়ে জানানো হবে। এ ব্যাপারে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে বলে [বিজ্ঞপ্তিতে জানানো হয়](#)।

## পুনর্নিরীক্ষণ পদ্ধতি

টেলিটকের যেকোনো প্রিপেইড মুঠোফোন থেকে এসএমএস করতে হবে। প্রথম এসএমএস : DGME<Space> RSC<Space> Roll No লিখে পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে। (যেমন DGME <Space> RSC<Space>1116000)। এরপর একটি PIN নম্বর আসবে মুঠোফোনে।

দ্বিতীয় SMS ফি দেওয়ার জন্য PIN দিয়ে SMS করতে হবে DGME<Space> RSC<Space>YES<Space>PIN এবং পাঠিয়ে দিতে হবে 16222 নম্বরে। যেমন : DGME<Space> RSC<Space>YES<Space> 3699 SMS- 2 বার একটি প্রাপ্তি স্বীকার SMS পাওয়া যাবে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো